

### জঙ্গিবাদের বিরুদ্ধে শিক্ষার্থী-অভিভাবকদের সোচ্চার হওয়ার আহ্বান শিক্ষামন্ত্রীর

নিজের প্রতিবেদক

জাতীয় নির্বাচন বানচালে বাধ হয়ে  
বিএনপি-জামায়াত জোট এখন  
আন্তর্জাতিক গ্রুপি সংগঠন আর্শ-কয়েদার  
মাধ্যমে দেশে অস্থিতিশীলতা সৃষ্টির  
পায়তারা চালাচ্ছে বলে মন্তব্য করেছেন  
শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। তিনি  
জঙ্গিবাদের বিরুদ্ধে শিক্ষার্থী ও  
অভিভাবকদের সোচ্চার হওয়ার আহ্বান  
জানিয়েছেন।

গতকাল সোমবার সকালে মতিঝিল  
আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের ৪৮তম  
বার্ষিক ক্রীড়া ও পুরস্কার বিতরণী  
অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে  
শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। অনুষ্ঠানে  
সভাপতিত্ব করেন বেসামরিক বিমান  
পরিবহন ও পর্যটনমন্ত্রী এবং আইডিয়াল  
স্কুল অ্যান্ড কলেজের পরিচালনা  
পরিষদের সভাপতি রাশেদ খান মেনন।  
এতে বক্তব্য দেন প্রতিষ্ঠানের পরিচালনা  
পরিষদের সদস্য ও মতিঝিল থানা  
আওয়ামী লীগের সভাপতি গোলাম  
আশরাফ তালুকদার, প্রতিষ্ঠানের অধ্যক্ষ  
ড. শাহান আরা বেগম প্রমুখ।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী আরো বলেন,  
বিএনপি-জামায়াত জোট গত বছর  
প্রাথমিক শিক্ষা সমাপনী ও জেএসসি  
পরীক্ষার সময় বারবার হস্ততাল-অবরোধ  
দিয়ে নৈরাজ্য চালাচ্ছে। বাধ্য করে  
পরীক্ষা ও শিক্ষা কার্যক্রম।